

সকলি প্রবন্ধ
যেই মুদ্রিত

সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



মহানগর
ওয়াকে দাওজনক প্রতিষ্ঠানে
পরিষদ করার পরামর্শ

সম্পাদকীয় ২
দুইজীবী হত্যা-জাতির
আত্মার হত্যা



দেশগ্রাম ৫
স্টকি তৈরির মৌসুমে
বেন উৎসবের আমেজ

বিনোদন
তাহসানের 'সেই
তুমি কে'



বাংলাদেশ কমার্স ব্যাংকের ক্ষুদ্র ঋণ কার্যক্রমে ঋণ বিতরণ

বাংলাদেশ কমার্স ব্যাংক
লিমিটেডের জুবিলী রোড শাখা
কর্তৃক ক্ষুদ্র ঋণ প্রতিষ্ঠান
(এমএফআই) ভোলেন্টারি
অ্যান্ডিভিটিজ ফর সোশ্যাল অ্যান্ড
হিউম্যান অ্যাডভান্সমেন্ট
ফাউন্ডেশনকে ক্ষুদ্র কার্যক্রম
পরিচালনার জন্য অর্থায়ন করা
হয়েছে।

নভেল করোনা ভাইরাসের
প্রাদুর্ভাবে বিশ্বের বিভিন্ন দেশের
ন্যায় বাংলাদেশের অর্থনৈতিক
কর্মকান্ড বাধাগ্রস্ত হচ্ছে। ফলে নিম্ন
আয়ের পেশাজীবী, কৃষক ও
প্রান্তিক/ ক্ষুদ্র ব্যবসায়ীগণ তাদের
আয় উৎসারী কর্মকান্ড পরিচালনা
করতে পারছেন না। দেশের
অর্থনীতিতে নিম্ন আয়ের
পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ ক্ষুদ্র
ব্যবসায়ীদের অবদান অনস্বীকার্য।
এরূপ আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের
মাধ্যমে করোনা ভাইরাসের
कारणे ক্ষতিগ্রস্ত প্রান্তিক
জনগোষ্ঠীর অর্থনৈতিক কর্মকান্ড
চলমান রাখা সম্ভব হবে। উল্লেখ্য,
মাইক্রোক্রেডিট রেগুলেটরি
অর্থরিটি (এমআরএ)র সনদপত্র ও
প্রত্যায়িত ভিএসএইচএ
ফাউন্ডেশনের চট্টগ্রাম জেলার ৬
টি উপজেলার বিভিন্ন কর্ম এলাকায়
এ ঋণ বিতরণ করবে। বাংলাদেশ
কমার্স ব্যাংক লিমিটেড, জুবিলী
রোড শাখা ব্যবস্থাপক মোহাম্মদ
আরিফ উদ্দীন ঋণের মঞ্জুরীপত্র ও
সমঝোতা চুক্তির কপি
ভিএসএইচএ ফাউন্ডেশনের
নির্বাহী পরিমল কান্তি পালের
নিকট হস্তান্তর করেন।

ব্যাংকের জুবিলী রোড শাখায়
হস্তান্তর অনুষ্ঠানে আরো উপস্থিত
ছিলেন শাখার অপারেশন
ম্যানেজার জাহেদুল ইসলাম ও
ক্রেডিট ইনচার্জ মো. শাহ
নেওয়াজ এবং ক্রেডিট অফিসার
মো. বেদারুল ইসলাম। বিজ্ঞপ্তি